

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
শুংখলা-১ শাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১০- ৩৭৩

তারিখ : ০৬.২০১১

বিষয়ঃ সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, ১৯৭৯ এর ৫(২) ধারা অনুযায়ী ২য় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি ডাঃ মোঃ মহসিন উদ্দীন (কোড-৪৩৮৪২), প্রাক্তন সহকারী রেজিস্টার (সার্জারি ইউনিট-৩), সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট-কে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ এর ৩ (বি) ধারায় বর্ণিত ছুটি ব্যতিত কর্ম হতে অনুপস্থিতির অপরাধে অভিযুক্ত করে মন্ত্রণালয়ের স্মারক নম্বর ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১০-৯৮৩ তারিখ : ০৬.১০.২০১০ মূলে বিভাগীয় মামলা রুজু করে ৫(১) ধারায় ১ম কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয় : এবং

যেহেতু, উক্ত কারণ দর্শানো নোটিশটি ২৯.০৩.২০১১ তারিখে 'দৈনিক ইত্তেফাক' ও ০১.০৪.২০১১ তারিখে 'দৈনিক প্রথম আলো' পত্রিকায় প্রকাশিত হয় : এবং

যেহেতু, আপনি উক্ত নোটিশের কোন জবাব দাখিল করেননি এবং প্রাপ্ত কাগজপত্র ও নথি পর্যালোচনাস্তে আপনাকে উল্লিখিত অধ্যাদেশের ৩ (বি) ধারায় অপরাধে দোষী সাব্যস্ত করা হয়েছে :

এক্ষণে সেহেতু, আপনাকে ১৯৭৯ সালের সরকারী কর্মচারী (বিশেষ বিধান) অধ্যাদেশ, এর ৪ (এ) ধারা মোতাবেক সরকারি চাকরি হতে কেন বরখাস্ত করা হবে না-এ নোটিশ জারির/প্রকাশের ০৩(তিন) দিনের মধ্যে নিম্নবৃহৎকারীর নিকট কারণ-দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো।

(এ. কে. এম. আমির হোসেন)  
অতিরিক্ত সচিব

ডাঃ মোঃ মহসিন উদ্দীন (কোড-৪৩৮৪২)  
প্রাক্তন সহকারী রেজিস্টার (সার্জারি ইউনিট-৩)  
সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট  
স্থায়ী ঠিকানা- গ্রাম-ছোট জলদিয়া, পোঃ-নাউরীবাজার, খানা-মতলব, জেলা-চাঁদপুর।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.০৩৮.২০১০- ৬৭৩/২(৫)

তারিখ : ০৬.২০১১

অনুর্নিধি : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য :

- ১। মহা-পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো)
- ২। পরিচালক, এমআইএম, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হলো)
- ৩। পরিচালক, সিলেট এম এ জি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতাল, সিলেট (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জরিপপূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৪. প্রোগ্রামার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)

(মোঃ সাইদুর রহমান)  
সিনিয়র সহকারী সচিব  
ফোনঃ ৭১৭২২৫২

[sasdisc1@mohfw.gov.bd](mailto:sasdisc1@mohfw.gov.bd)